# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

# মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ ২০১৩-২০১৪

(জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় ন্যূনতম তৃতীয় বিভাগে উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)

## ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)

## সাধারণ নির্দেশনা

- ১১/১১/২০১৫ তারিখ থেকে ২৫/১১/২০১৫ তারিখের মধ্যে শিক্ষার্থীকে নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ২৬/১১/২০১৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
- মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের সচিত্র ব্যবহার বিধি জানতে www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd এই লিংকে গিয়ে Master's Guide Line এ ক্লিক করতে হবে।
- মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে প্রাথমিকভাবে আবেদনকারী প্রার্থীদের স্নাতক(পাস)/পাস ডিগ্রী প্রাপ্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে। আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না।
- ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmp<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।
- প্রাথমিক আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। আবেদনের যোগ্যতা

| ক্রমিক নং | ভর্তিচ্ছু কোর্স ও বিষয় | কোর্সের মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ক) | **Master of Arts (MA) Preliminary**<br>**Subject:**<br>1) Bangla<br>2) English<br>3) Arabic<br>4) Sanskrit<br>5) Pali<br>6) History<br>7) Islamic History &Culture<br>8) Islamic Studies<br>9) Philosophy<br>10) Library and Information Science | ১ বছর | ▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় ন্যূনতম তৃতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।<br>**অথবা**<br>▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা পঠিত বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।<br>▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্সে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে না। |
| খ) | **Master of Social Sciences (MSS) ) Preliminary**<br>**Subject:**<br>11) Political Science<br>12) Sociology<br>13) Social Work<br>14) Economics | | |
| গ) | **Master of Science (MSc) ) Preliminary**<br>**Subject:**<br>15) Physics<br>16) Chemistry<br>17) Bio-Chemistry<br>18) Botany<br>19) Zoology<br>20) Soil Science<br>21) Statistics<br>22) Mathematics<br>23) Geography and Environment<br>24) Psychology<br>২৫) Home Economics | | |
| ঘ) | **Master of Business Studies (MBS) ) Preliminary**<br>**Subject:**<br>26) Marketing<br>27) Finance & Banking<br>28) Accounting<br>29) Management | | |

২। Online এ আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | আবেদনকারীকে নির্দিষ্ট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) website Masters tab-এ গিয়ে Apply Now (Masters Preli) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠান ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। |
| **সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ** | এ পর্যায়ে অনলাইনে আবেদনকারীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে। |
| **কলেজ পছন্দ** | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) **শ্রেণীর** অধিভুক্ত বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| **কলেজ ও বিষয় পছন্দ** | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে শিক্ষার্থী ভর্তি যোগ্য **(Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে** এবং উক্ত তালিকা থেকে শিক্ষার্থী সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। শিক্ষার্থীর ভর্তিচ্ছু বিষয়টিতে স্নাতক (পাস) কোর্সে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে । |

| | |
|---|---|
| কোটা | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/ প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*)/পোষ্য (জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদির জন্য প্রযোজ্য) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| ছবি সংযোজন | আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে Applicant's Login (Masters Preli.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।** |
| সংশ্লিষ্ট কলেজে ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |

**৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন**

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। বিষয়ভিত্তিক আসন বন্টন | কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। কলেজভিত্তিক আসন বন্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

**৪। পোষ্য (Ward) কোটায় ভর্তি**

**ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। উক্ত কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। ভর্তির জন্য পোষ্যকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এই আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে ।**

**৫।ফলাফল ও মেধা তালিকা**

**ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) শ্রেণীর বিষয় বরাদ্দ দেয়া হবে।**

**খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধা স্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং বয়সের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।**

**গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে।**

**ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) এবং SMS (nu<space>**

**atmp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

**ঙ) মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য শিক্ষার্থীর স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পাস ডিগ্রী প্রাপ্ত পরীক্ষায় সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরী করে বিষয় বরাদ্দ দেয়া হবে।**

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন (সনাতন)

| স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|
| $\frac{\text{প্রাপ্ত নম্বর \{স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)\}}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$ | ১০০ |

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন (সিজিপিএ)

| স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|
| $\frac{\text{প্রাপ্ত সিজিপিএ \{স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)\}}}{\text{মোট স্কেল}} \times ১০০$ | ১০০ |

**৬। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য**

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে নির্দিষ্ট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) website Masters tab-এ গিয়ে Applicant's login (Masters Preli) অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম **website**-এ প্রদর্শিত হবে। |
| বিষয় পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমের বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| আবেদন ফরমের প্রিন্ট | **সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application** অপশনে ক্লিক করলে **একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4** (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সংগে আবেদনকারীর **স্নাতক (পাস)/স্নাতক(সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |
| বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয় | সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে প্রার্থীকে তার বিষয় পছন্দক্রমের উর্ধ্বক্রমে বিষয় পরিবর্তন করা হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/SMS এর মাধ্যমে তা শিক্ষার্থীকে জানানো হবে। শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে নির্দিষ্ট website- থেকে একই প্রক্রিয়ায় বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে ।<br>▶ বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। |
| কোটার ফলাফল | **রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার তালিকা প্রকাশ করা হবে। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে।** |
| চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন | **সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Online-এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি/বিষয় পরিবর্তন নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS ও e-mail এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া শিক্ষার্থী** অনলাইনে Login করেও তা জানতে পারবে। |

**৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য**

**যে সকল শিক্ষার্থী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) ভর্তি বাতিল করেছে গ) মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।**

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে নির্দিষ্ট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) website Masters tab-এ গিয়ে Applicant's login (Masters Preli.) অপশনে ক্লিক করে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম **website**-এ প্রদর্শিত হবে। |
| কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ | রিলিজ **স্লিপে** আবেদনের জন্য College Selection option এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible বিষয়ের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible বিষয়ের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী সর্বোচ্চ পাঁচটি কলেজে পর্যায়ক্রমে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিয়ে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম ও বিষয় পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম **website**-এ দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে **এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না**। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্ত করণের পরও কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে কলেজ/বিষয়ের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant's Login (Masters Preli.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel option এ গিয়ে Click to Generate OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি | **শিক্ষার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে website-এর** Applicant's Login (Masters Preli.) **অপশনে গিয়ে ভর্তির আবেদন ফরম প্রিন্ট করবে**। এই আবেদন ফরমের সংগে শিক্ষার্থীর স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি **ফি** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের** একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে। |

## ৮। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ** | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য **Login** করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও email এর মাধ্যমে/কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে। |
| **প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই** | কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |
| **প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি** | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে Applicant's/Admission Approval (Masters Preli.) মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে সেই শিক্ষার্থীকে ভর্তিযোগ্য বলে |

| | |
|---|---|
| | বিবেচিত হবে না। প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে। |
| **ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি শিক্ষার্থী থেকে প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Preli.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- ১০০০৩২৪৫৯ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

## ৯। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই** | সংশ্লিষ্ট কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রোল, শিক্ষা বোর্ড, জি.পি.এ. ও জন্ম তারিখ তাদের দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর আবেদন ফরমে তথ্যগত **অসংগতি বা ত্রুটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে**। |
| **শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ** | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের স্ব স্ব বিষয়ে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর এন্ট্রি website-এ নিশ্চিত করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। |
| **চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর ফিসের হার** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি = **৮০০/- (আটশত) টাকা**<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি = ২০/- (বিশ) টাকা<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি = ৫/- (পাঁচ) টাকা<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি = ১০/- (দশ) টাকা<br>মোট **= ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা**<br><br>শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি = ৭০০/- (সাতশত) টাকা |
| **চূড়ান্ত ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি শিক্ষার্থী থেকে ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Preli.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ১০০০০০১৩৪ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

**(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)**
**ডীন (ভারপ্রাপ্ত)**
**মাস্টার্স শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র**
**ও**
**সদস্য সচিব**
**মাস্টার্স কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি**
**জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪**

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।*